




১৫ জুন, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি প্রফুল্লচন্দ্র নটবরলাল ভগবতী এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীরভাবে শোকাহত



১৫ জুন, ২০১৭ ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি প্রফুল্লচন্দ্র নটবরলাল ভগবতী (পি এন ভগবতী) এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীরভাবে শোকাহত। তিনি ভারতের ১৭তম প্রধান বিচারপতি ছিলেন।

বিচারপতি পি এন ভগবতী ২১ ডিসেম্বর ১৯২১ সালে জন্মগ্রহণ করেন। তিনি বোম্বে হাইকোর্ট থেকে আইন পেশা শুরু করেন। ১৯৮৫ সালের ১২ জুলাই তারিখে ভারতের প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ১৯৮৬ সালের ২০ ডিসেম্বর তিনি প্রধান বিচারপতি থাকাকালীন অবসর গ্রহণ করেন। বিচারপতি পি এন ভগবতী জনস্বার্থে মামলা ধারণাটির বিকাশে অগ্রণী ভূমিকা রাখেন। তাঁর অবদানের কথা স্মরণ করে ব্লাস্টের সভাপতি ড. কামাল হোসেন বলেন, “ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি পিএন ভগবতীর প্রয়াণে এমন একজন অনন্য সাধারণ আইনজ্ঞের জীবনাবসান হল যিনি কেবল জনস্বার্থ মামলা নয়, বরং মানবাধিকার রক্ষা এবং সমুল্লত রাখার লক্ষ্যে বিচারিক ক্রিয়ালীলাতাকে উৎসাহিত করেছেন।”

ব্লাস্ট এর ট্রাস্টি বোর্ডের সদস্য ও বাংলাদেশ বার কাউন্সিলের হিউম্যান রাইটস এন্ড লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এডভোকেট জেড আই খান পান্না বলেন, “ তিনিই প্রথম বিচারপতি যিনি মামলা করার ক্ষেত্রে অভিযোগের জন্য ভুক্তভোগীকেই যে অভিযোগ করতে হবে সে ধারণা পাল্টে দেন এবং এভাবেই জনস্বার্থে মামলার ইতিহাসে গতিশীলতা আনেন। বিচারপতি পি এন ভগবতী বাংলাদেশের আইনজীবীদের অকৃত্তিম বন্ধু ছিলেন এবং তাঁর মৃত্যুতে এই উপমহাদেশ একজন প্রগতিশীল অভিভাবক বিচারককে হারাল।”



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা বিচারপতি পি এন ভগবতীর অবদানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি। আমরা তাঁর শোক সন্তুষ্ট পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd